

ঈদের ছুটি শেষে ২৯ মার্চ থেকে তাবির ক্লাস-পরীক্ষা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

পবিত্র ঈদুল ফিতরের ছুটি শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষা ও অন্যান্য একাডেমিক কার্যক্রম আগামী রবিবার (২৯ মার্চ) থেকে যথারীতি শুরু হচ্ছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানায়, দাপ্তরিক কার্যক্রম এরই মধ্যে গত ২৪ মার্চ থেকে শুরু হয়েছে। ফলে নির্ধারিত সময় অনুযায়ী শিক্ষা কার্যক্রমও পুনরায় চালু করা হচ্ছে।

এদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যমে ২৯ মার্চ থেকে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে—এমন একটি গুজব ছড়িয়ে পড়েছে।

তবে কর্তৃপক্ষ এ তথ্যকে সম্পূর্ণ মিথ্যা ও
ভিত্তিহীন বলে জানিয়েছে। এ ধরনের
বিত্রান্তিকর তথ্য থেকে বিরত থাকতে সংশ্লিষ্ট
সবার প্রতি আহ্বান জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক
মোহাম্মদ রফিকুল ইসলাম স্বাক্ষরিত এক
বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।